তারিখ 18 SEP 1991
পৃষ্ঠা ১ কলাম ৩

দৈনিক বাংলা

# খোলার প্রথম দিনেই খুলনা পলিটেকনিকে ছাত্র সংঘর্ষ : আহত ২৫

।। নিজস্ব প্রতিনিধি ।।

খুলনা, ১৭ই সেপ্টেম্বর।-আজ দুপুরে খুলনা পলিটেকনিক ইনস্টিটিউটে দুটি ছাত্র সংগঠনের কর্মীদের মধ্যে দু'ঘন্টা-ব্যাপী এক সংঘর্ষে অন্ততঃ ২৫ জন আহত হয়েছে। বর্তমানে ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে। সন্ধ্যায় এ ব্যাপারে পুলিশ চারজনকে গ্রেফতার করেছে বলে জানা গেছে।

বেলা ১১টার সময়ে ছাত্রশিবির ও ছাত্রদল কর্মীদের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়া চলে এবং বেশ কয়েকটি হাতবোমা বিস্ফোরিত হয় ও কাটা বন্দুকের গুলি ব্যবহৃত হয়। এরই এক পর্যায়ে ইনস্টিটিউটের টেলিফোন সংযোগ বিচ্ছিন্ন করা হয় ও হোস্টেলের কয়েকটি কক্ষ নছমছ করা হয়। উল্লেখ্য, দীর্ঘদিন বন্ধ থাকার পর আজই পলিটেকনিক খোলা হয়েছিল।

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## খোলার প্রথম দিনেই

(প্রথম পৃঃ পর)

উভয় পক্ষ থেকে খালিশপুর থানায় দুটি পৃথক মামলা দায়ের করা হয়েছে।

ছাত্রদলের পক্ষ থেকে দাবী করা হয় যে কোন উস্কানি ছাড়াই বহিরাগতদের সহায়তায় শিবিরের তরফ থেকে এই আক্রমণ চালানো হয় এবং এতে ছাত্রদলের সভাপতি আহসানুল কবির মিঠুসহ অন্তত ২০ জন আহত হয়। আহতদের মধ্যে ছয়জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

অপরদিকে, শিবিরের পক্ষ থেকে দাবী করা হয় যে তাঁদের সভাপতি ইয়াসিন মোল্লা ও সাধারণ সম্পাদক গাউসুল আজমসহ ১৫ জন গুরুতর আহত হয়েছে। ইয়াসিন মোল্লাকে হাসপাতালে নিয়ে গেলে সেখানে ছাত্রদল কর্মীরা তার ওপর হামলা চালায় বলে শিবির অভিযোগ করেছে। পুলিশ প্রহরায় তাকে সরিয়ে একটি প্রাইভেট ক্লিনিকে ভর্তি করা হয়েছে।